

প্রিয় 3-K পরিবারবর্গ,

আপনাদের কাছে 'অনুভূতি চেনায় মজা প্লে ম্যাট' দিতে পেরে আমরা আনন্দিত! এই উপকরণটি খেলার মতো করে উপভোগ্য পন্থায় আপনার সন্তানকে অনুভূতি সম্পর্কে শিক্ষালাভ করতে সহায়তা করে।

পারস্পরিক দূরত্ব ও মহামারীর কারণে ছেলেমেয়ে ও বয়স্করা অনেক দুশ্চিন্তা ও আবেগের মুখোমুখী হচ্ছে। ছেলেমেয়েরা তাদের পারিপার্শ্বিকতা থেকে আবেগ প্রবণ হয়ে উঠে এবং তাদের রুটিনের পরিবর্তন, তাদের পরিবার ও ভাইরাস সম্পর্কে দুর্ভাবনা, এবং জীবনে উল্লেখযোগ্য পরিবর্তন থেকে তাদের গভীর কোনো অনুভূতির জন্ম হতে পারে। ছোট ছোট ছেলেমেয়েরা বিভিন্নভাবে গভীর আবেগ প্রকাশ করতে পারে – যেমন কান্না করা, সঙ্গে লেগে থাকা, উচ্চমাত্রায় সক্রিয়তা, বা সাধারণত যেসব বিষয়ে সহজে রাগ হতোনা সেগুলোতে রেগে উন্মাদগ্রস্থ হয়ে পরা। আপনার সন্তানের অনুভূতি বুঝা সাধারণ সময়ের চাইতে আপনার কাছে কঠিন মনে হতে পারে। আমরা আশা করছি 'অনুভূতি চেনায় মজা' সম্মিলিতভাবে একটি গভীর অনুভূতি সম্পর্কে কথা বলায় একটি ব্যবহারযোগ্য উপকরণ হিসেবে কাজ করবে।

আপনার সন্তানের প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ শিক্ষক হিসেবে আপনার সন্তানের অনুভূতি সম্পর্কে শিক্ষালাভে সাহায্য করার ক্ষমতা আপনার রয়েছে। শিশুরা ক্লাসরুমে ও বাড়িতে বিভিন্ন অনুভূতি অনুধাবন ও মোকাবেলা করার মত গুরুত্বপূর্ণ দক্ষতাগুলো ধীরে ধীরে অর্জন করে। এসব দক্ষতা ছেলেমেয়েদেরকে বন্ধুবান্ধব ও আত্মীয়-স্বজনদের সাথে মানিয়ে চলতে, কোনো কাজ দুরূহ হলে প্রচেষ্টা অব্যাহত রাখতে, এবং স্কুলে ও স্কুলের বাইরে সফল হতে সহায়তা করে। 'অনুভূতি চেনায় মজা প্লে ম্যাট টিপস্ বা পরামর্শ, কীভাবে শুরু করতে হবে সেবিষয়ে কিছু ধারণা দেয়।



অনুসন্ধান করুন

প্লে ম্যাট-এ আপনি যা দেখছেন, সেগুলোর প্রতি দৃষ্টি আকর্ষণ করুন।



একটি গল্প বলুন

মানুষ, স্থান, এবং প্লে ম্যাট-এ আপনি যেসব বস্তু দেখছেন, সেগুলো দিয়ে গল্প তৈরি করুন। আপনি প্লে ম্যাট-এর একটি শিশু, যার আপনার সন্তানের মতো একই প্রকার গভীর অনুভূতি হচ্ছে, তাকে নিয়ে গল্প তৈরির চেষ্টা করতে পারেন।



একটির সাথে আরেকটি মেলান

অনুভূতির সাথে মুখমণ্ডলের ছবি মেলান।



সঠিক মুখমণ্ডলটি বসান

ছবির মধ্যে অনুভূতিসূচক মুখমণ্ডল বসিয়ে দিন।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক বা প্রোগ্রাম লিডারের সাথে কথা বলুন অথবা আমাদের কাছে DECEThrive@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

বিনীত,

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন